



128724 - কোন গুনাহ বা পাপের কারণে কি আর-রহমানের আরশ কঁপে ওঠে?

প্রশ্ন

সুন্নাহতে কি এমন কিছু উদ্ধৃত হয়েছে যে, ব্যভিচারের গুনাহর কারণে আর-রহমানের আরশ কঁপে উঠে? শুধু ব্যভিচারের গুনাহর কারণেই কি আর-রহমানের আরশ কঁপে উঠে; নাকি হত্যা ও সমকামতির গুনাহর কারণেও আর-রহমানের আরশ কঁপে উঠে?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।

আমরা কতিব ও সুন্নাহ-তে এমন কিছু পাইনি যা প্রমাণ করে যে, কোন পাপ ও গুনাহ-তে লিপ্ত হওয়ার কারণে আর-রহমানের আরশ কঁপে উঠে। ব্যভিচার ও সমকামতি জঘন্য পাপ ও কবরি গুনাহ। কিন্তু এই পাপগুলো ঘটলে আরশ কঁপে উঠার কথা উদ্ধৃত হয়নি। শরিয়তের সহি ও সুস্পষ্ট দলিল ছাড়া কোন দাবী করা জায়যে নয়।

ইমাম যাহাবী বলেন:

“আরশ আল্লাহর অনুগত সৃষ্টি। আল্লাহ যখন চান তখনই এটি কঁপে উঠে।”[সমাপ্ত][সিয়ার আলাম আন-নুবালা (১/২৯৭)]

তবে আমরা প্রশ্নকারী ভাইয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই যে, এই গুনাহগুলোর ব্যাপারে আরশ কঁপে উঠার চয়ে কঠিন কথা এবং শ্রোতা আঁৎকে উঠার মত কথা উদ্ধৃত হয়েছে।

আবদুল্লাহ বনি মাসউদ (রাঃ) থেকে বর্ণিত যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন: “আল্লাহর চয়ে অধিক গাইরত (প্রতিরক্ষামূলক ঈর্ষা)-সম্পন্ন আর কোন সত্তা নাই। এ জন্যই তিনি প্রকাশ্য ও অপ্রকাশ্য সমস্ত অশ্লীলতাকে হারাম করছেন। তমেনভাবে আল্লাহর চয়ে অধিক প্রশংসা পছন্দকারীও কটে নাই। এ কারণেই তিনি নিজের নিজের প্রশংসা করছেন।[সহি বুখারী (৪৬৩৪) ও সহি মুসলিম (২৭৬০)]

আয়শা (রাঃ) থেকে বর্ণিত আছে যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন: “হে মুহাম্মাদের উম্মাতরো! আল্লাহর চয়ে অধিক গাইরত (প্রতিরক্ষামূলক ঈর্ষা)-সম্পন্ন আর কটে নাই যে, তিনি তাঁর বান্দাকে বা বান্দীকে ব্যভিচার করতে দেখবেন। হে মুহাম্মাদের উম্মতগণ! আমি যা জানি যদি তোমরা তা জানতে তাহলে নিশ্চয় তোমরা কম হাসতে ও বেশী কাঁদতে।”[সহি বুখারী (৫২২১) ও মুসলিম (৯০১)]



শাইখুল ইসলাম ইবনে তাইমিয়া (রহঃ) বলেন:

“গাইরতরে মধ্যযে এমন ঘৃণা ও ক্রোধ থাকে যার মাধ্যমে ব্যক্তি যটো থেকে গাইরত অনুভব করে সটোকো প্রতহিত করতে সক্ষম হয়। আল্লাহ সুবহানাহু তাআলা সটোকো ঘৃণা করনে এবং তনি যা কছির নষিদিধ করছেন সে সবকছিকো তনি ঘৃণা করনে; যমেনভাবে তনি যা কছির নরিদশে দয়িছেন সে সবকো তনি ভালোবাসনে। গাইরত ঘৃণার শক্তিকে অনবির্য় করে। কারণ প্রত্যকে যে ব্যক্তি গাইরত অনুভব করে সে যা থেকে গাইরত অনুভব করে সটোকো ঘৃণা করে। তবে প্রত্যকে যে ব্যক্তি কোন কছিকো ঘৃণা করে সে ওটা থেকে গাইরত অনুভব করে না। সুতরাং গাইরত হলো সবশিষে ও শক্তিশালী।”[ক্বায়দি ফলি মাহাব্বাহ (২০০-২০১)]

আল্লাহই সর্বজ্ঞ।